



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
অপারেশন-৪ শাখা  
www.emrd.gov.bd

নম্বর: ২৮.০০.০০০০.০০০.০২৯.৯৯.০০০১.২৬.১৩৯

তারিখ: ৭ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ  
২০ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

### পরিপত্র

বিষয়: গ্যাস বিতরণ ও বিপণন কোম্পানিসমূহ কর্তৃক গ্যাস সরবরাহের ক্ষেত্রে সেবাসমূহকে গ্রাহকবান্ধব ও সহজীকরণ সংক্রান্ত।

দেশের ক্রমবর্ধমান গ্যাসের চাহিদা বৃদ্ধির প্রেক্ষিতে যে কোনো ধরনের চ্যালেঞ্জ মোকাবিলা ও আন্তর্জাতিক চর্চা বিশ্লেষণপূর্বক সেবাসমূহকে গ্রাহকবান্ধব ও সহজীকরণ করার জন্য নির্দেশক্রমে এ পরিপত্র জারি করা হলো:

(ক) গ্যাস সরঞ্জামাদির অনুমোদিত ঘণ্টাপ্রতি লোড অপরিবর্তিত রেখে সরঞ্জাম পুনর্বিন্যাস ও প্রতিস্থাপনের জন্য সংশ্লিষ্ট গ্যাস কোম্পানির তালিকাভুক্ত কোনো ঠিকাদার দ্বারা কমিশনিং কাজ সম্পাদন নিশ্চিত করতে হবে। এজন্য গ্যাস বিতরণ কোম্পানির অনুমতির প্রয়োজন হবে না;

(খ) একই আঞ্জিনায় অবস্থিত, একই মালিকানাধীন আরেকটি শিল্প ইউনিটের অব্যবহৃত লোড গ্যাস বিতরণ কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক/আঞ্চলিক প্রধান (ব্যবস্থাপক)-এর অনুমোদন সাপেক্ষে স্থানান্তর করতে হবে;

(গ) একই আঞ্জিনায় অবস্থিত, একই মালিকানাধীন আরেকটি শিল্প ইউনিটে ক্যাপটিভ পাওয়ার শ্রেণিতে কার্যকরকৃত লোড প্রয়োজনে শিল্প শ্রেণিতে স্থানান্তর করা যাবে। তবে কোনো ক্রমেই শিল্প শ্রেণিতে কার্যকরকৃত লোড ক্যাপটিভ পাওয়ার শ্রেণিতে স্থানান্তর করা যাবে না; এবং

(ঘ) মিটার স্থাপনের ক্ষেত্রে অনধিক ৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট গ্যাস বিতরণ ও বিপণন কোম্পানি কর্তৃক স্থাপন পরবর্তী পর্যায়ে গুণগত মান যাচাই করতে হবে।

২০-০৪-২০২৬

মুহাম্মদ নাজমুল হক  
উপসচিব

ফোন : +৮৮০২৫৫১০০২৬৯

ইমেইল : opsec4@emrd.gov.bd

### বিতরণ :

- ১। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
- ২। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)।

- ৩। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড।
- ৬। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক-এঁর দপ্তর, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
- ৭। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এবং
- ৮। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড।

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ**

- ১। সচিব, সচিবের দপ্তর, বিদ্যুৎ বিভাগ।
- ২। সচিব, সচিবের দপ্তর, শিল্প মন্ত্রণালয়।
- ৩। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।
- ৪। অতিরিক্ত সচিব, কোম্পানি এ্যাফেয়ার্স অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ৫। অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ৬। অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সমন্বয় ও মনিটরিং অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ৭। যুগ্মসচিব, অপারেশন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ৮। যুগ্মসচিব, উন্নয়ন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ৯। প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ (অতিরিক্ত দায়িত্ব), প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর।
- ১০। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ১১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ১২। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং
- ১৩। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ((পরিপত্রটি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।



*Muhammad Nazmul Haque*

২০-০৪-২০২৬  
মুহাম্মদ নাজমুল হক  
উপসচিব